শাইখ ড. আবদুল্লাহ আয্‌যাম রহ.
এসো
কাফেলাবদ্ধ হই

শহীদ শাইখ ড. আবদুল্লাহ আয্‌যাম

এসো কাফেলাবদ্ধ হই

অনুবাদ
আবু মুসাব আল শার্ষিনাই

সম্পাদনায়
মাওলানা এস এম আমিনুল ইসলাম

[অভিজাত বইয়ের ঠিকানা]
৪৩ ইসলামী টাওয়ার, ১১/১ বাংলাবাজার, ঢাকা- ১১০০
দূরালাপনী : ০১৭১১৭১১৪০৯, ০১৭২১১২২৫৬৪

এসো কাফেলাবদ্ধ হই
শহীদ শাইখ ড. আবদুল্লাহ আয্যাম

প্রকাশক
এস এম আমিনুল ইসলাম

প্রথম প্রকাশ
মে ২০১৪ ঈ.

প্রচ্ছদ
রাজু আহমেদ

কম্পোজ
ব ই ঘ র বর্ণসাজ
বাংলাবাজার, ঢাকা- ১১০০
০১৭১১৭১১৪০৯

মুদ্রণ : মাসুম আর্ট প্রেস
২৬/২ প্যারিদাস রোড, ঢাকা-১১০০

মূল্য : ৬০ টাকা মাত্র

ISBN : 984-70168-0070-2

ESU KAFELABODDU HOI : Dr. Abdullah Ajjam : Translate by Abu Musab Al Sorsinai, **Published by :** S M Aminul Islam, **BhoiGhor** : 43 Islami Tower 11/1 Banglabazar, Dhaka-1100, **First Edition :** May 2014 © by the pablisher

Price : Taka 60 only

উৎসর্গ

আল্লাহর দীন আল্লাহর জমিনে
প্রতিষ্ঠা করার সংগ্রামে যারা
জীবন ও সম্পদ উৎসর্গ করেন
তাদের প্রতি...

ভূমিকা

সকল প্রশংসা মহান আল্লাহ রাব্বুল আলামিনের যিনি সকল সৃষ্টি জগতের পালনকর্তা। দরূদ ও সালাম পেশ করছি মহানবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর। এই ছোট কিতাবটি তাদের জন্যে লেখা যাদের অন্তর আল্লাহর রাস্তায় জিহাদে যাওয়ার জন্যে আকুল; যারা তামান্না রাখেন শাহাদাতের। বইটি মূলত তিনটি পরিচ্ছেদে বিভক্ত। প্রথম পরিচ্ছেদে জিহাদের কারণসমূহ; দ্বিতীয় পরিচ্ছেদ হায় ইসলাম এবং তৃতীয় পরিচ্ছেদে কাফেলাবদ্ধ হওয়ার গুরুত্ব।

বইটি শেষ করেছি কিছু পর্যবেক্ষণ এবং কিছু রূপরেখা বর্ণনা করার মাধ্যমে। আশা করি মহান আল্লাহ রাব্বুল আলামিন আমার এই প্রচেষ্টাকে কবুল করবেন এবং এর দ্বারা আমাদের সবাইকে দুনিয়া ও আখেরাতে উপকৃত করবেন। এই বইটি মূলত সেসব ভাইদের জন্যে যারা আমার কাছে চিঠির মাধ্যমে আফগানিস্তান জিহাদে যোগদানের ব্যাপারে উপদেশ চেয়েছেন। সুতরাং চলে আসুন জান্নাতের পথে। কারণ সেটাই সবার আসল আবাসস্থল। মনে রাখবেন, আজ আমরা শত্রুদের হাতে বন্দি। তাই আমাদেরকেই সিদ্ধান্ত নিতে হবে আমরা কি দাসত্বকে মেনে নেব না কি গ্রহণ করব জান্নাতকে।

আল্লাহর বান্দা–
আবদুল্লাহ আল-আযযাম
১৭ই সাবান ১৪০৭ হিজরী
১৫ই এপ্রিল ১৯৮৭

সূচিপত্র

প্রথম পরিচ্ছেদ

দ্বিতীয় পরিচ্ছেদ

তৃতীয় পরিচ্ছেদ

বি. দ্র. পুস্তিকাটি শায়খ ড. আবদুল্লাহ আযযাম রহ.-এর Join The Caravan গ্রন্থের বাংলা রূপ। প্রাসঙ্গিক বিবেচনায় পুস্তিকাটির তৃতীয় পরিচ্ছেদের স্থানে স্থানে সামান্য কিছু সংযোজন করা হয়েছে। আর তা নেয়া হয়েছে– তাফসিরে মা'আরেফুল কুরআন, ফাজলার তাফসির, ইসলামী আন্দোলন ও সংগঠন, ইসলামী সংগঠন ও পাশ্চাত্য ইসলামবিরোধী ষড়যন্ত্র গ্রন্থ থেকে।

–*সম্পাদক*

প্রথম পরিচ্ছেদ

জিহাদের কারণসমূহ

সকল প্রশংসা আল্লাহর। আমরা শুধুমাত্র তাঁরই প্রশংসা করি এবং তাঁর সাহায্য চাই এবং তাঁর নিকটই ক্ষমা প্রার্থনা করি। আমাদের অন্তরের যাবতীয় কুমন্ত্রণা ও কুপ্রবৃত্তি থেকে তাঁর নিকট আশ্রয় প্রার্থনা করছি। প্রকৃতপক্ষে আল্লাহ যাকে হেদায়াত করেন তাকে পথভ্রষ্ট করার শক্তি কারও নাই। আবার তিনি যাকে বিপথগামী করেন তাকে হেদায়াত করার সাধ্যও কারও নেই। আমি সাক্ষ্য দিচ্ছি যে আল্লাহ্ ব্যতীত কোন ইলাহ নেই। তিনি এক, তাঁর কোন শরিক নাই। এবং আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বান্দা এবং রাসূল।

হে আল্লাহ! এই দুনিয়াতে কোন কিছুই সহজ নয় যদি আপনি তা সহজ করে না দেন। এবং আপনার করুণায় নিতান্ত কঠিন ব্যাপারও সহজ হয়ে যায়, যখন আপনি ইচ্ছে করেন।

বন্ধুরা আমার!

আজ মুসলিম জাতির এ করুণ পরিস্থিতির প্রতি দৃষ্টিপাতকারী যে কোন মানুষ অতি সহজেই অনুধাবন করতে সক্ষম হবে যে, মুসলমানদের এ দূরবস্থার মূল হচ্ছে জিহাদ ছেড়ে দেয়া, যা হাদীসের ভাষায় দিবালোকের ন্যায় স্পষ্ট। পথভ্রষ্ট জালিম শাসকরা আজ ভূ-পৃষ্ঠের বিভিন্ন প্রান্তে মুসলমানদের ঘাড়ের উপর সওয়ার হয়ে বসে আছে। তার প্রকৃত কারণ হল কাফিররা জিহাদ ছাড়া অন্য কিছুতে ভয় পায় না। এদিকে মুসলমানরাও দুনিয়ার পিছনে ছুটে জিহাদকে ছেড়ে দিয়েছে। আর তাইতো মুসলমানদের অস্তিত্ব রক্ষার্থে আল্লাহ তায়ালা নির্দেশ করেন–

فَقَاتِلْ فِي سَبِيلِ اللَّهِ لَا تُكَلَّفُ إِلَّا نَفْسَكَ وَحَرِّضِ الْمُؤْمِنِينَ عَسَى اللَّهُ أَنْ يَكُفَّ بَأْسَ الَّذِينَ كَفَرُوا وَاللَّهُ أَشَدُّ بَأْسًا وَأَشَدُّ تَنْكِيلًا.

অতএব, আল্লাহর পথে যুদ্ধ কর, যদিও তুমি নিজেকে ছাড়া অন্য কারো জিম্মাদার নও তথাপি মু'মিনদেরকে জিহাদের প্রতি উদ্বুদ্ধ কর, হয়তবা এর বিনিময়ে আল্লাহ তোমাদেরকে কাফিরদের কবল থেকে মুক্তি দিবেন। কেননা একমাত্র আল্লাহ তায়ালাই সবচে' বড় বিপদদাতা এবং দৃষ্টান্ত প্রদর্শনকারী। *[সূরা নিসা : ৮৪]*

আজ আমরা বিশ্বের সকল মুসলমানকে জিহাদের পথে আহ্বান করছি এবং জিহাদের মাঠে যে তাদেরই আগমনের অপেক্ষা করছি, এর বিভিন্ন কারণ রয়েছে। তার মধ্যে কতিপয় কারণ এই–

১. কুফুরী শাসন ব্যবস্থার মূলোৎপাটন করা।

২. যোগ্য লোকের অভাব।

৩. জাহান্নামের আগুনের ভয়।

৪. জিহাদের মতো একটি ফারজিয়াত আদায়ের লক্ষ্যে আল্লাহ তায়ালার আহ্বানে সাড়া দেয়া।

৫. সালফে সালেহীন বা আল্লাহভীরু পূর্বসূরীদের পদাঙ্ক অনুসরণ করা।

৬. সু-দৃঢ় ইসলামী সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে দুর্ধর্ষ একটি জানবাজ বাহিনী গঠন করা।

৭. পৃথিবীর নিঃস্ব, অসহায়, মজলুমানদের পাশে দাঁড়ানোর জন্য।

৮. শাহাদাতের সুমহান মর্যাদা লাভের আশায়।

৯. জিহাদ উম্মতের জন্যে ঢালস্বরূপ এবং তাদের উপর থেকে মর্যাদাহানীর গ্লানিকে উপড়ে ফেলার একটি উপায়।

১০. মুসলমান উম্মতের মর্যাদা রক্ষা করা এবং উম্মাহর শত্রুদের ষড়যন্ত্রকে প্রতিহত করা।

১১. পৃথিবীর প্রতিরক্ষা বিধান করা এবং দুর্নীতির কালো ছোবল থেকে পৃথিবীকে রক্ষা করা।

১২. ইসলামের ইবাদতের স্থান এবং পবিত্র ভূমিসমূহের নিরাপত্তা নিশ্চিত করা।

১৩. শাস্তি থেকে মুক্তির আশা।

১৪. উম্মতের কল্যাণ এবং তার সম্পদের সমৃদ্ধি।

১৫. জিহাদ ইসলামের সর্বোচ্চ চূড়া।

১৬. জিহাদ সর্বোত্তম ইবাদত এবং এর মাধ্যমে একজন মুসলিম অর্জন করতে পারে সর্বোচ্চ মর্যাদা।

১৭. পৃথিবী থেকে ফেৎনা ফাসাদ দূর করার একমাত্র মাধ্যম হলো জিহাদ।

১৮. ইসলামী খেলাফত প্রতিষ্ঠার একমাত্র মাধ্যমই হলো জিহাদ।

১৯. সকল কুফরী মতবাদকে ধ্বংস করে ইসলামী খেলাফত কায়েম করা।

২০. বিশ্বের বুকে নির্যাতিত নিপীড়িত মুসলমানদের ও ইসলামের শত্রুদেরকে চিরতরে বিনাশ করে মুসলমানদেরকে গোটা বিশ্ব রাজত্ব করার নিমিত্তে এবং পরকালে জান্নাতের সুউচ্চ আসনের আশায় আল্লাহর রাহে যুদ্ধ করা। এছাড়াও আল্লাহর রাহে যুদ্ধ করার আরো অনেক কারণ রয়েছে।

প্রথম কারণ : কুফরী শাসন ব্যবস্থার মূলোৎপাটন

যাতে করে কাফেররা আধিপত্য বিস্তার করতে না পারে। কুফরী শাসন ব্যবস্থাকে চিরতরে বিনাশ করার ব্যাপারে পবিত্র কুরআনের আয়াত অনুসন্ধান করলে আমরা দেখতে পাই; মহান আল্লাহ বলেন–

وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَإِنَّ اللَّهَ بِمَا يَعْمَلُونَ بَصِيرٌ.

হে মুমিনগণ! তোমরা তাদের সাথে যুদ্ধ বা লড়াই করতে থাক যতক্ষণ না ফেতনা দূরীভূত হয় এবং আল্লাহ তায়ালার দীন সম্পূর্ণভাবে সুপ্রতিষ্ঠিত হয়। আর যদি তারা বিরত হয় তবে নিশ্চয়ই আল্লাহ তায়ালা তাদের কর্মকাণ্ড নিরীক্ষণ করেছেন। *[সূরা আনফাল : ৩৯]*

সুতরাং যদি জিহাদ বন্ধ হয়ে যায় তাহলে কাফিরদের আধিপত্য বিস্তার লাভ করবে এবং ফিতনা ছড়িয়ে পরবে যা মূলত শিরক। তাই তোমাদের দুশমন কাফিরদের সাথে যুদ্ধ চালিয়ে যেতে থাক যতক্ষণ না তাদের একতা ছিন্ন হয়ে যাবে এবং তাদের সকল শক্তি ও শান-শওকত সম্পূর্ণরূপে নিঃশেষ হয়ে যাবে এবং দীন ইসলাম সমস্ত বাতেল ধর্মের উপর বিজয় অর্জন করবে। অতঃপর যখন তারা কুফরী থেকে ফিরে আসবে তখন তোমরা যুদ্ধ থেকে ফিরে আসবে। আল্লাহ তায়ালা তাদের আমলকে প্রত্যক্ষ করেন।

দ্বিতীয় কারণ : যোগ্য লোকের অভাব

বর্তমানে ইসলামী দুনিয়ার সবচেয়ে বড় সংকট হচ্ছে দায়িত্বভার বহনে উপযুক্ত এবং বিশ্বস্ততা রক্ষা করে সৎ ও যোগ্য এমন ব্যক্তিত্বের। সহীহ্ বুখারীতে এ ব্যাপারে বর্ণিত হয়েছে– মানুষের উদাহরণ হচ্ছে এমন শত কোটি উটের মত, যার মধ্যে একটি সওয়ারী পাওয়াও দুষ্কর। *[সহীহ বুখারী]*

আরেক হাদীসে বর্ণিত আছে, হযরত ওমর ইবনুল খাত্তাব (রা.) হতে বর্ণিত, একদা তিনি তার সাথের বিশিষ্ট সাহাবিদের উদ্দেশ্য করে বলেন– 'তোমাদের প্রত্যেকের একটি করে ইচ্ছার কথা বল!'

এরপর প্রত্যেকেই কিছু না কিছু আকাঙ্ক্ষার কথা প্রকাশ করলেন। এরপর সাহাবাগণ বললেন, হে আমিরুল মু'মিনীন! আপনার ইচ্ছার কথাও আমাদেরকে বলুন।

এবার আমিরুল মু'মিনীন বললেন– আমার আকাঙ্ক্ষা হলো, আমার কাছে আবু উবায়দার মত সম্পদে পরিপূর্ণ একটি ঘর হোক। অর্থাৎ আমিও আবু উবায়দার মত প্রচুর সম্পদ ব্যয় করে জিহাদে সাহায্যকারী, গোলামদের মুক্তকারী এবং সম্পদকে কল্যাণের কাজে ব্যয়কারী হতে চাই। (আবু উবায়দা রা. হলেন সেই ব্যক্তি যাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উম্মতের জন্যে বিশ্বস্ত একজন সাহাবী হিসেবে ঘোষণা দিয়েছিলেন।) এমন মানুষ কম আছে যারা উপলব্ধি করে। আর যারা কাজ করে এমন মানুষের সংখ্যাতো আরও কম। যারা জিহাদে অংশগ্রহণ করেন তারা অসাধারণ এবং দুর্লভ। আর যারা এই পথে অবিচল থাকে তাদের কথা তো বলাই বাহুল্য।

একদা আমি কুরআনের এক জলসার পাশ দিয়ে যাচ্ছিলাম। সেখানে বহু দূর থেকে ইজ্জত, বুজুর্গী, বরকত ও নিয়ামতের জমিনের দিকে আগমনকারী কিছু তরুণ বসা ছিল। এখানে আমার উদ্দেশ্য, আফগান জিহাদে আগমনকারী আরবগণ।

ক্ষমতা উৎকর্ষের পিঠে চরেই আগমন করে
এবং উৎকর্ষ সাধন হয় বিনিদ্র রজনিতে
দীর্ঘ ভ্রমণের মাধ্যমে

আমি সেসব তরুণদের চেহারার দিকে তাকালাম এজন্য যে, তাদের মধ্য থেকে কোন উত্তম কুরআন তেলাওয়াতকারী খুঁজে পাই কি না; তবে তাকে এ জলসার আমীর বানিয়ে দেব। কিন্তু আফসোস, আমি এরকম একজনকেও খুঁজে পেলাম না। এমতাবস্থায় আমি আর একথা না বলে পারছি না যে, 'আমরা আমাদের

জাতির সাথে ইনসাফ করিনি।' ঠিক যেভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন, যখন আনসারদের মধ্য থেকে সাত তরুণকে শহীদ করা হয়েছিল তার চোখের সামনে উহুদের যুদ্ধের দিন।

আমাদের ছাত্র সমাজ এবং গুরুজনেরা জিহাদে যোগদানের উদ্দেশ্যে এখনও এই পথে আসছেন না। যেমনটি আমরা তাদের ঈমান ও আখলাক থেকে আশা করেছিলাম। বরং তাদের মধ্য থেকে কিছু ব্যক্তি বাধা প্রদান করছে সেই সকল ভাইদের যারা সামনে এগিয়ে এসে সহায়তার হাত বাড়িয়ে দিতে চায়। যদিও বাধা প্রদানকারী ঐ মানুষগুলো অত্যাচারী শাসকের অত্যাচার, অবিচার এবং অন্যায়ভাবে শোষণের বিরুদ্ধে একটি বাক্যও উচ্চারণ করার ক্ষমতা রাখেন না। তাছাড়া তাদের মধ্যে কেউ কেউ বোকার মত না জেনে একতরফা প্রচার করছে যে, আফগানিস্তানে মানুষের প্রয়োজন নেই বরং প্রয়োজনীয়তা রয়েছে মালের (অর্থ-কড়ির)। আমি আমার এই ক্ষুদ্র জীবনের আফগানে অতিবাহিত দিন ও রাতসমূহের শপথ করে বলছি, আমি আফগানিস্তানে যতটা সম্পদের সংকট পেয়েছি তার চেয়ে বহুগুণ বেশী প্রয়োজনীয়তা উপলব্ধি করেছি যোগ্য কর্মীর; আর মুবাল্লেগীনদের প্রয়োজনীয়তা তো অপরিসীম। হ্যাঁ আমি একথা বলছি যে, এমন সংকটময় অবস্থায় মুজাহিদীনদের মাঝে আমি সুদীর্ঘ ছয়টি বছর অতিবাহিত করার পর এ কথার সত্যতা উপলব্ধি করতে পেরেছি। আমার কথা যদি আপনাদের বিশ্বাস না হয়, তাহলে আসুন আফগানিস্তানের পাহাড়ী উপত্যকায় একবার ঘুরে দেখে যান। যেখানে এমনও এলাকা রয়েছে হন্যে হয়ে খুঁজেও এমন একজন পাওয়া যাবে না যে শুদ্ধমত কুরআন তেলাওয়াত করতে পারে। এরপর চলুন অন্য এলাকাতে, সেখানে আপনি দেখতে পাবেন পুরো এলাকায় এমন একজন লোক বিদ্যমান নেই যে জানাজার নামায সঠিকভাবে পড়াতে পারে। এ কারণে অনেক সময় মুজাহিদ ভাইদের তাদের শহীদ সাথীদের লাশ কাঁধে নিয়ে পাড়ি দিতে হয় মাইলকে মাইল পথ; শুধুমাত্র তার জানাজার উদ্দেশ্যে।

অনুরূপভাবে জিহাদের ফিকহি আহকাম, যার দ্বারা গনিমতের মাল বণ্টন, বন্দিদের সাথে আচার ব্যবহার ইত্যাদি ছাড়াও এরকম অসংখ্য বিষয়ে শরীয়তের বিধানাবলী স্পষ্ট না জানার কারণে সেখানকার বেশির ভাগ মুজাহিদ ভাই তাদের অজানা বিষয়সমূহের সমাধানকল্পে এবং সে অনুযায়ী আমল করার জন্য তাদেরকে অনেক দূর দূরান্তের এলাকায় পাড়ি জমাতে হয়, যেখানে এ সকল ফিকহি বিষয়ে সমাধান দেওয়ার মত আলেম রয়েছেন।

আর সেখানে সহজ সরল নম্র-ভদ্র, ধৈর্যশীল, ধর্মভীরু, সাদাসিধে জিহাদী চেতনাসম্পন্ন আরব তরুণদের সাক্ষাৎ মিলেছে। তারা নিজ নিজ ফ্রন্টে এমন বিচক্ষণতা ও দূরদর্শিতার প্রমাণ পেশ করছেন যা কিনা উচ্চ শিক্ষিতদের থেকেও পাওয়া দুরূহ ব্যাপার। অথচ তাদের অনেকেই শুধুমাত্র মেট্রিক পাশ ছিলেন।

আমার যথেষ্ট ইচ্ছা থাকা সত্ত্বেও এখানে স্বল্পপরিসরে সকল ঘটনাসমূহ বিস্তারিতভাবে উল্লেখ করতে সক্ষম নই; আর এটা সত্যিকার অর্থে সম্ভবও নয়। আমি শুধুমাত্র উপমাস্বরূপ আব্দুল্লাহ, আনাছ, আবু দাজানা, আবু আছিম, আবু তাহির– এই ক'জন মুজাহিদের নাম উল্লেখ করব। আর যদি আপনাদের আবু শোয়াইব উম্মীউল আরাবী সম্পর্কে ঐ সকল ঘটনাবলী জানাই যা পাগমানের ইতিহাসের সোনালী অধ্যায়ে খোদিত থাকবে চিরকাল। তবে আপনি পাথরের ন্যায় স্তব্ধ হয়ে যাবেন এবং আপনার ইন্দ্রিয়গুলোর কার্যক্রম বন্ধ হয়ে যাবে। এ ঘটনা যদি আপনি দাঁড়িয়ে শুনেন তবে দাঁড়িয়েই থাকবেন আর যদি বসে শুনেন তবে বসেই থাকবেন, যা শুনে আপনার বাকশক্তি হারিয়ে যাবে। তবুও আপনার কিংকর্তব্য বিমুখতার সমাপ্তি ঘটবে না।

আমাদের আজ ঐ সকল ভাইদের নিকট অনেক আশা-ভরসা, যারা অদ্যাবধি সামাজিক বন্ধনের মায়ার খাচায় বন্দি হয়ে আছেন, এই মায়ার খাচা ভেঙ্গে বের হতে পারছেন না। যারা নিজ গর্দান থেকে গোলামীর শেকল খুলে ছুঁড়ে ফেলতে পারেন নি এখনও। আর পাশ্চাত্যের আক্রমণের কারণে যারা সামাজিক ও রাষ্ট্রীয় চাপে জর্জরিত।

এই ভাইদের কাছে আমার অনুরোধ, যদি তারা পারিবারিক ও সামাজিকতার শিকল ভেঙ্গে জিহাদের এই ময়দানে সশরীরে যোগদান করতে অপারগ হয়, তাহলে অন্তত যেন তারা সেসব ভাইদের জন্যে মন খুলে দোয়া করেন, যাদের শরীর জিহাদের ময়দান থেকে দূরে থাকলেও অন্তর জিহাদের ময়দানে উড়ে বেড়ায়। হে আল্লাহ! যে পবিত্র ভূমিতে শাহীদদের আত্মা উড়তে থাকে, দৌড়-ঝাপ ও সাঁতার কাটতে থাকে, তাদের তুমি সশরীরে সেই পবিত্র ভূমিতে উপস্থিত করে দাও।

একদিন আমি সহকর্মী কাজী মাসুদকে বললাম, 'আমাদেরকে সদ্য শহীদ হওয়া আবু আসিম-এর জীবন বৃত্তান্ত বলুন, যিনি আপনাদের মধ্য হতে আন্দার নামক স্থানে শহীদ হয়েছেন।'

তিনি বললেন– আমি প্রভাব-প্রতিপত্তি, গাম্ভীর্যতা, দৃঢ়তা ও দুঃসাহসিকতায় এমন দ্বিতীয় ব্যক্তির সাক্ষ্যাৎ পাইনি। যার প্রভাবের কারণে তার উপস্থিতিতে আমরা কথা বলার সাহসও পেতাম না; এমনকি পা ছড়িয়ে আরাম করেও তার সামনে

বসতাম না। আর ঠাট্টা তামাশা তো দূরের কথা। এখন মজার ব্যাপার হল, যদি আমি আপনাকে এই কথা বলি যে, আবু আসিম যিনি এতটা শ্রদ্ধার পাত্র ছিলেন তিনি শুধুমাত্র মেট্রিক পাশ ছিলেন এবং তার বয়স ছিল মাত্র তেইশ বছর। আর তিনি ছিলেন কুরআনে হাফেজ। ব্যাপারটা অদ্ভূত লাগছে, তাই না! সুতরাং এখন সময় এসেছে সত্যিকার মানুষ চিনে নেয়ার। আর জিহাদের ময়দান হচ্ছে এমন একটি জায়গা যেখানে কথায় নয়; বরং কাজ দ্বারা মানুষের পরিচয় পাওয়া যায়।

একটি ছন্দ–

ভুলে যাও অপহৃত/ উঁচু হয়ে থাক গম্বুজের কথা
আমিতো আমাদের সাওয়ারির খবর জানতে চাচ্ছি

উপরে উল্লিখিত এই ছন্দটি উমর আল-কাইস-এর তৈরি করা একটি ছন্দ। এটি একটি রূপক বাক্য যা এমন মানুষদের উদেশ্যে করে বলা হয়েছে যারা আসল কাজকে ফেলে রেখে অন্যান্য আনুসাঙ্গিক কাজ নিয়ে ভীষণ ব্যস্ত হয়ে পড়ে। এই বাক্যটির মূল উদ্দেশ্য হচ্ছে, মানুষকে সচেতন করা তাদের কাজের ব্যাপারে। মানুষের যেই সময় যেই কাজটি সবচেয়ে গুরুত্বপূর্ণ, সেই সময় সেই কাজ করার তাগিদ দেয়া হয়েছে এই বাক্যে।

আর নিশ্চয়ই আজ মুসলমানেরা নির্যাতিত, নিপীড়িত এবং তাদেরকে ঘিরে রেখেছে ভয়াবহ দুর্যোগ। সুতরাং খাওয়ার আদব কি এবং কথা বলার আদব কি এই বিষয় নিয়ে এখন কথা বলা বন্ধ করে আসল বিষয় নিয়ে কথা বলাটাই শ্রেয়। এই বিষয়ে কোন শিশুও যদি চিন্তা করতে শুরু করে তাহলে তার চলাফেরা হয়ে যাবে বয়োজ্যেষ্ঠদের মত। বন্ধুগণ, বর্তমান পরিস্থিতি অত্যন্ত নাজুক ও ঘোলাটে হয়ে গেছে। তাই আমাদেরকে ক্বারী আছিমের মত দৃঢ়চেতা ঈমানের অধিকারী হতে হবে। হতে হবে নির্ভীক বাহাদুর। তবেই আমরা অর্জন করব ব্যাপক কার্যক্ষমতা, আর আমরা সক্ষম হব মুসলমানদের বড় বড় সমস্যাসমূহ সমাধানে। আল্লাহ আমাদের তৌফিক দান করুন, আমিন!

তৃতীয় কারণ : জাহান্নামের আগুনের ভয়

আল্লাহ তায়ালা পবিত্র কুরআনে কারিমে বলেছেন–

إِلَّا تَنْفِرُوا يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوهُ شَيْئًا
وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ.

যদি তোমরা (আল্লাহর রাহে যুদ্ধ করতে) বের না হও তবে আল্লাহ পাক তোমাদেরকে কঠিন শাস্তি দেবেন এবং তোমাদের স্থলে অন্য জাতিকে নিয়ে আসবেন; অথচ তোমরা তাঁর কোন ক্ষতিই করতে পারবে না। আর আল্লাহ পাক সকল কিছুর উপর সর্বশক্তিমান। *[সূরা তাওবাহ : ৩৯]*

ইবনে আল আরাবী বলেন, ভয়াবহ শাস্তি হিসেবে পৃথিবীতে এমন করা হবে যে, মুসলমানদের শত্রুদেরকেই মুসলমানদের উপর চাপিয়ে দেয়া হবে; আর জিহাদের হুকুম অমান্য করার কারণে পরকালের শাস্তি হিসেবে ভোগ করতে হবে অনন্তকাল জাহান্নাম। *[তাফসীরে কুরতুবী : ৮/১৪২]*

ইমাম কুরতুবী বলেন– এই আয়াত দ্বারা বোঝানো হয়েছে যে জিহাদ তখন সকল মুসলমানদের ওপর ওয়াজিব হয়ে যায় যখন কাফিররা মুসলিম উম্মতের উপর বিস্তর আধিপত্য লাভ করে এবং যখন তারা মুসলমানদের সাথে তীব্র যুদ্ধে জড়িত থাকে। যা বর্তমান সময়ে বিশ্বের সব ক্ষেত্রেই আমরা লক্ষ্য করছি। বর্তমানে মুসলমানরা প্রতি মুহূর্তে কাফের বেঈমানদের দ্বারা নির্যাতিত হচ্ছে। কাফের মুশরিকরা মুসলমানদের সাথে যেখানে যুদ্ধে লিপ্ত হচ্ছে সেসময় আমাদের উপর যুদ্ধ করা ফরজ ওয়াজিব সব কিছুই হয়ে গেছে। আর ঘরে বসে থাকার সময় নেই। মহান রাব্বুল আলামীন বলেন–

إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللهِ وَاسِعَةً فَتُهَاجِرُوا فِيهَا فَأُولَئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءَتْ مَصِيرًا. إِلَّا الْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ لَا يَسْتَطِيعُونَ حِيلَةً وَلَا يَهْتَدُونَ سَبِيلًا. فَأُولَئِكَ عَسَى اللهُ أَنْ يَعْفُوَ عَنْهُمْ وَكَانَ اللهُ عَفُوًّا غَفُورًا.

নিশ্চয়ই যারা পাপ কাজের মাধ্যমে নিজেদের উপর অত্যাচার করে তাদের প্রাণসংহার করার সময় ফেরেশতাগণ বলে, তোমরা কি অবস্থায় ছিলে? তারা বলে আমরা এ ভুখণ্ডে অত্যন্ত অসহায় ছিলাম। ফেরেশতাগণ বলে, আল্লাহ তায়ালার দুনিয়া কি এমন প্রশস্ত ছিল না যেখানে তোমরা হিজরত করতে পারতে? তাদেরই বাসস্থান জাহান্নাম আর তা কত মন্দ বাসস্থান। কিন্তু যে সমস্ত দুর্বল পুরুষ-নারী হিজরত করতে সক্ষম না হয়, যারা কোন প্রকার উপায় অবলম্বন করতে পারে না এবং যারা পথেরও কোন সন্ধান পায় না তাদের কথা স্বতন্ত্র। এমন লোক সম্পর্কে আশা আছে যে, আল্লাহ তায়ালা তাদেরকে ক্ষমা করবেন এবং আল্লাহ তায়ালা অত্যন্ত মার্জনাকারী, অতিশয় ক্ষমাশীল। আর যে

ব্যক্তি আল্লাহ তায়ালার পথে হিজরত করে সে লাভ করবে বহু বিস্তৃত স্থান এবং স্বচ্ছলতা এবং যে ব্যক্তি নিজের ঘর থেকে এজন্য বের হয়ে আসে যে, সে আল্লাহ তায়ালা ও তাঁর রাসূলের দিকে হিজরত করবে, অতঃপর তাকে মৃত্যু আক্রমণ করে, এমন অবস্থায় তার সওয়াব আল্লাহ তায়ালার নিকট অবধারিত হয়ে থাকে। আর আল্লাহ তায়ালা অত্যন্ত ক্ষমাশীল, অতিশয় দয়াময়। *[সূরা নিসা : ৯৭-৯৯]*

ইমাম বুখারী রহ. হযরত ইকরামা (রা.)-এর সনদে বর্ণনা করেন, তিনি বলেন যে, আমাকে হযরত আব্বাস (রা.) বলেন, নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুগে কিছুসংখ্যক মুসলমান মুশরিকদের বস্তিতে বসবাস করতেন। যে কারণে বদরের যুদ্ধের সময় বের হতে পারেননি। এতে করে মুশরিকদের সংখ্যাধিক্য মনে হচ্ছিল। আর মুসলমানগণ যখন তীর ছুঁড়ত তখন মুশরিকদের মাঝে অবস্থানরত মুসলমানদের গায়ে বিদ্ধ হতো। ফলে তারা আহত হয়ে মৃত্যুমুখে পতিত হতো।

এ পরিস্থিতিতে আল্লাহ তায়ালা আয়াত অবতীর্ণ করেন, ফেরেশতা তাদের রূহ কব্জা করার সময় ঐ সকল লোক নিজেদের উপর জুলুমরত ছিল। এমনিভাবে কতিপয় মু'মিন যারা মক্কাতে অবস্থান করছিল অথচ তারা দীনের উপর মজবুতভাবে প্রতিষ্ঠিত ছিল, কিন্তু তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে হিজরত করেনি। ফলে বদরের যুদ্ধের দিন কাফেরদের ভয়ে ও লজ্জায় তারা মাঠে বেরিয়ে আসে। এতে কাফেরদের দলের সংখ্যা ভারী হয়ে যায়। অতঃপর যুদ্ধে মুসলমানদের আঘাতে তাদের মধ্য হতে যারা মারা যায় বুখারী শরীফের বর্ণনানুযায়ী তারা জাহান্নামী সাব্যস্ত হয়েছে। নিঃস্ব অসহায়দের এ পরিণতি জানার পর তাদের সম্পর্কে এখন আপনার মতামত কি? যারা নামে মাত্র মুসলমান হওয়ার কারণে কাফিরদের অসহনীয় নির্যাতন সহ্য করছেন এবং চতুষ্পদ জন্তুর চেয়েও নিকৃষ্টতম মানবেতর জীবন যাপনে বাধ্য হচ্ছেন। যারা নিজেদের ইজ্জত, সম্মান ও সম্পদের দিকে লোভাতুর দৃষ্টি নিক্ষেপকারী ও হাত উদ্যতকারীর হাতকে ফিরিয়ে দিতে বা গুঁড়িয়ে দিতে পারে না। এমনকি তাদের ঐ শক্তিও নেই যে তাদেরকে যদি শাসক গোষ্ঠীর মনোরঞ্জনের জন্য নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নত দাড়ি কর্তন করতে বলে, তবে তারা তাদের মনোরঞ্জনের খাতিরে তা করতে বাধ্য। অন্যথায় দাড়ি রাখার মাধ্যমে ইসলামের সাথে তার ভালবাসার বহিঃপ্রকাশ করার কারণে শাসকরা তাদের শত্রুতে পরিণত হবে।

শুধু তাই নয়, তাদের অবস্থা এর চেয়েও আরো অধিকতর নাজুক; তারা যদি শরীয়তের বিধানানুযায়ী নিজেদের স্ত্রীদের পোশাককে লম্বা করতে চায় বা স্ত্রীদের পর্দা করাতে চায় তবে এতেও তারা অক্ষম। কেননা এটাও তাদের দেশে এক ক্ষমার অযোগ্য অপরাধ, যে অপরাধের কারণে তাদেরকে উল্টো করে লটকানো হয়। এছাড়াও তাদেরকে আরো বিভিন্ন রকমের শাস্তি প্রদান করা হয়। তাদের করুণ পরিণতির এটাও একটি অংশ যে, তারা আল্লাহর ঘরে বসে তিনজন যুবককে একসাথে কুরআন শিক্ষা দিতে পারে না। কেননা তাদের দেশে এটা অবৈধ সমাবেশ, যা কিনা অমার্জনীয় অপরাধ। এমন কি কিছু সংখ্যক ইসলামী রাষ্ট্রেও তারা নিজেদের স্ত্রীদের কেশ আবৃত করে রাখতে পারে না। আর না পারে সেই ইন্টেলিজেন্সের কুকুরগুলোকে নিজেদের অবলা যুবতী নারীর হাত ধরে নিয়ে যেতে বাধা দিতে। ধরণী আঁধারের চাদর মুড়ি দেওয়ার সাথে সাথে তাকে যেখানে খুশি সেখানে বলপূর্বক টেনে হিঁচড়ে নিয়ে যায়। এ বেচারী হৃদয়ে মাজলুমিয়্যাতের পূর্বাকৃতি অংকন করা ও তার বাস্তবতার অপেক্ষা করা ছাড়া আর কিছুই করতে পারে না। বিষয়টি যদি কোন লোক সুস্থ মস্তিষ্কে চিন্তা করেন, তবে যথার্থই উপলব্ধি করতে পারবেন যে, এটা কেমন নিঃসঙ্গতা!

তারা কি আল্লাহদ্রোহী শাসকদের পরিচালিত কোন বিধানকে পালন করতে অস্বীকৃতি জানানোর কোন সৎ সাহস দেখাতে পারবে? এমন আদেশ যা শুধুমাত্র স্বৈরাচারী শাসকদের মানস-কামনা চরিতার্থ করতেই বলা হয়েছে। লাখ লাখ লোক কি এমন অপমানিত ও লাঞ্ছিত হয়ে মানবেতর জীবন যাপন করছে না? এমতাবস্থায় ফেরেশতারা যদি তাদের আত্মা কব্জা করে নেয় তবে প্রমাণিত হবে যে, এরা নিজেরাই নিজেদের উপর অত্যাচারী। ঐ সকল লোকদের একটু ভাবা উচিত, যখন ফেরেশতা তাদেরকে জিজ্ঞাসা করবে, 'তোমরা কোথায় ছিলে?' তখন তাদের উত্তর কি হবে? তারা কি তখন বলবে যে, আমরা পৃথিবীতে দুর্বল নিঃস্ব অসহায় অনাথ এবং নির্যাতনের স্বীকার ছিলাম।

অথচ তাদের মনে রাখা উচিত, মহান আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার কাছে দুর্বলতা কোন গ্রহণযোগ্য অজুহাত নয়। বরং এটা এমনই এক অপরাধ যার শাস্তি হচ্ছে জাহান্নাম। আল্লাহ শুধু ঐ সকল মানুষকে অক্ষম ও অপারগ হিসেবে স্বীকৃতি দিয়েছেন, যারা বার্ধক্যের শেষ প্রান্তে পৌঁছেছেন অথবা অবুঝ শিশু এবং নারী। কেননা এ সকল মানুষ মুক্তির কোন পথ খুঁজে পায় না এবং সম্মানের পবিত্র ভূমির পথও চিনে না। যারা না পারে দারুল ইসলামের দিকে হিজরত করতে আর না পারে জিহাদী কাফেলার সাথে সঙ্গ দিতে।

...আমি আমার মুখ সরিয়ে নেব সেই ভূমি থেকে

যা আমার বাক-স্বাধীনতাকে করেছে হরণ,
অন্তরকে করেছে বন্দি
একজন পুরুষের দৃঢ় প্রতিজ্ঞা ও সাধারণ স্বভাব,
নির্দেশ দেয় মুখ ফেরাতে,
যখন মুখে আঘাত করে সূর্যের তীর্যক রশ্মি ...

আমি পরিপূর্ণ দৃঢ়তা ও আস্থার সাথে বলছি যে, জিহাদ এবং জিহাদের দিকে হিজরত মূলত এই মুদ্রার এপিঠ ওপিঠ। যার মধ্য হতে কোন অংশকে ধর্মের মৌলিকতা থেকে পৃথক করা যায় না। যে ধর্মের মধ্যে জিহাদ নেই বাস্তবে সে ধর্ম না পৃথিবীতে নিজের অস্তিত্ব টিকিয়ে রাখতে পারে আর না ধর্মের পুষ্পমালা প্রষ্ফুটিত করতে পারে। বরং জিহাদই হচ্ছে ধর্মের মূল শক্তি। বিশ্ব স্রষ্টার কাছে যার মূল্য অনেক।

জিহাদকে শুধুমাত্র ইসলাম প্রচার কাজে প্রয়োজন মনে করার কোনই অবকাশ নেই। বরং জিহাদ ঐ কাফেলার সার্বক্ষণিক প্রয়োজনীয় উপাদান যারা ধর্মের চূড়ান্ত লাক্ষ্যার্জনে সদা তৎপর। উস্তাদ শহীদ সাইয়্যেদ কুতুব রহ. তাফসির ফি যিলালিল কুরআন-এর দ্বিতীয় খণ্ডের ৭৪২ পৃষ্ঠায় এ আয়াতের তাফসীরে লিখেন– জিহাদ যদি উম্মাতে মুসলিমার জীবনে আকস্মিক অল্পসময়ের কোন প্রয়োজন হত তবে কুরআনুল কারীমের প্রতি পারায় পারায় জিহাদ নিয়ে এত ব্যাপক হারে আলোচনা করা হত না। সুতরাং জিহাদকে আকস্মিক প্রয়োজন কিভাবে সাব্যস্ত করা যেতে পারে? ঠিক একইভাবে নবী কারিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবনের অধিকাংশ সময় জিহাদের ব্যাপারে তার সাহাবিদেরকে উৎসাহ-উদ্দীপনা দিয়ে এবং সন্তুষ্টচিত্তে এ কাজকে আঞ্জাম দেয়ার প্রতি এত গুরুত্বারোপ করা হতো না। যদি জিহাদ কোন পর্যায়ে আকস্মিক প্রয়োজনই হত, তবে নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিয়ামত অবধি আগত সকল মুসলমানের জন্য এ অসিয়ত রেখে যেতেন না– যে ব্যক্তি জীবনে কোনদিন যুদ্ধ করেনি এবং কখনো যুদ্ধের কল্পনাও করেনি এমতাবস্থায় সে যদি মারা যায় তবে সে মুনাফিকের ন্যায় মৃত্যু বরণ করল। *[সহীহ মুসলিম]*

মহান আল্লাহ তায়ালার ভালো করে জানা যে, জিহাদ এমন একটি কাজ যা সকল শাসকের কাছে অপছন্দ হবে। আর ক্ষমতাধর শাসক ও তাদের অনুসারী এ বিধানের বিরোধিতা করবে। কেননা এ পদ্ধতি ও রীতি নীতি তাদের নিয়ম নীতি থেকে সম্পূর্ণ ভিন্ন। আর এ পদ্ধতি শুধু বর্তমানকালে নয় বরং এটা পৃথিবীর প্রত্যেক প্রান্তে মুসলিম জাতির সকল প্রজন্মে এবং প্রত্যেক যুগেও ভিন্নই ছিল এবং ভবিষ্যতেও তাদের থেকে ভিন্ন ও তাদের বিরোধীই থাকবে। মহা

কৌশলী ও মহাজ্ঞানী আল্লাহ পাক একথা খুব ভালো করেই জানতেন যে, কুচরিত্রের ব্যক্তিদের নিকট থেকে ভালো এবং ন্যায়-নীতির আশা করা বাতুলতা ছাড়া কিছুই নয়। কেননা তারা কল্যাণের চারা গাছকে এভাবে হেলে দুলে বড় হতে ও সজীব হয়ে ডালপালা ছড়াতে কখনই দেবে না। তারা সত্য এবং কল্যাণের বিজয় দেখে সর্বদাই ঈর্ষান্বিত হয়। এর প্রধান কারণ হল, কল্যাণের বীজ বৃদ্ধি পেলে অকল্যাণের অস্তিত্বের জন্যে বিপদের কারণ হয়ে ওঠে। সুতরাং বলা যায়, হকের অস্তিত্বও বাতিলের জন্যে বিপদ সংকেত। এতে কোনই সন্দেহ নাই যে, এমতাবস্থায় বাতিল হকের ঘোর শুক্রতে পরিণত হয় এবং বাতিল নিজের অস্তিত্ব রক্ষার জন্যে হককে জোরপূর্বক নিশ্চিহ্ন করে দেয়ার প্রয়াশ চালায়। হক এবং বাতিলের এ লড়াই কোন ক্ষণস্থায়ী বিষয় নয়।

এটা চির বাস্তব কথা
এটা সাময়িক চিত্র নয়
এটা জন্মগত সমস্যা
এটা ক্ষণস্থায়ী সমস্যা নয়।

সুতরাং জিহাদের প্রয়োজনীয়তা অপরিসীম এবং এটাও ধ্রুবসত্য যে, ধর্মের অস্তিত্ব রক্ষা করতে হলে জিহাদের এ শ্রোতধারাকে সর্বাবস্থায় সর্বকালে অব্যাহত রাখতে হবে। সুতরাং সশস্ত্র শত্রুর মুকাবেলায় জিহাদ করার জন্যে এবং আধুনিক অস্ত্রে সজ্জিত কাফিরদের ছুটে আসা বাহিনীর মুকাবেলা করার জন্যে সময়ের সাথে তাল মিলিয়ে যুগ-উপযোগী অস্ত্রের যোগান দিতে হবে। বসে থাকলে হবে না চৌদ্দশ' বছর আগের তরবারির দিকে। বরং আধুনিক সমরাস্ত্র আগ্নেয়াস্ত্র এবং এর চেয়েও জটিল জিনিসের ট্রেনিং নিয়ে তাদের মোকাবেলা করতে হবে। কাফের বেঈমানরা যে শক্তি ব্যবহার করবে তার মোকাবেলায় তার সমতুল্য বা তার চেয়ে শক্তিধর কিছু ব্যবহার করতে হবে। বাতিলকে প্রতিহত করতে হকেরও থাকতে হবে প্রয়োজনীয় প্রস্তুতি। অন্যথায় এ কাজ আত্মহত্যায় পরিণত হবে। আর তা এমন এক ঠাট্টা মনে হবে যা মুমিনের মহাচরিত্রের সাথে শোভা পায় না।

আমি জুলুমকারীদের নিন্দা করি না
তারা তো করবেই আক্রমণ
প্রস্তুতি নেয়া আমাদের কাজ
রুখতে হবে এই আগ্রাসন–

চতুর্থ কারণ : জিহাদের দায়িত্ব পূর্ণরূপে পালন করার লক্ষ্যে আল্লাহর আহ্বানে সাড়া দেয়া

মহান রাব্বুল আলামীন তার পবিত্র কালামে বলেন–

انْفِرُوا خِفَافًا وَثِقَالًا وَجَاهِدُوا بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ فِي سَبِيلِ اللهِ ذَلِكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ.

তোমরা অভিযানে বের হয়ে পড়, হালকা অথবা ভারী সরঞ্জাম নিয়ে, নিজেদের সম্পদ ও জীবন দ্বারা আল্লাহর রাহে জিহাদ করতে থাক, এটিই তোমাদের জন্য উত্তম, যদি তোমরা তা বুঝতে পার। [সূরা তাওবা : ৪১]

বিশ্ববিখ্যাত মুফাসসির আল্লামা কুরতুবী (রহ.) তার তাফসীরে কুরতুবীর ৮ম খণ্ডের ১৫ পৃষ্ঠায় এ আয়াতের তাফসীর করতে গিয়ে দশজন বিখ্যাত মুফাসসিরের দশটি রেওয়ায়েত উল্লেখ করেছেন, যা নিম্নরূপ–

১. ইবনু আব্বাস (রা.) বলেন, এ আয়াতের দ্বারা উদ্দেশ্য 'যুবক এবং বৃদ্ধ।'

২. ইবনু আব্বাস (রা.) এবং কাতাদাহ (রা.) বর্ণনা করেন যে, এ আয়াতের দ্বারা সতর্ক এবং অসতর্ক লোকদের বুঝানো হয়েছে।

৩. মুজাহিদ (রহ.)-এর মতে এই দুই শব্দের (হালকা ও ভারী) তরজমা এভাবে করেছেন যে অর্থাৎ সম্পদশালী (যার জীবন যাপন করা সহজতর) এবং ভারির তরজমা হবে ফকির মিসকীন– যার উপর জীবন যাপন করা কষ্টসাধ্য ব্যাপার।

৪. শাইখ হাসান বসরি রহ. এর মতে 'যুবক অথবা বৃদ্ধ'।

৫. যায়েদ ইবনু আলী এবং হাসান ইবনু উতাইয়বা বলেন যে, এর দ্বারা 'ব্যস্ত' এবং 'অবসর' মানুষকে বুঝানো হয়েছে।

৬. ইবনু যায়েদ (ভারীকে) মনে করেন, যে কোনো ব্যক্তি এমন কাজ করেন যা ছেড়ে দেয়া তার জন্যে কষ্টকর ব্যাপার। আর (হালকাকে) মনে করেন, যে ব্যক্তি কোন কাজই করে না।

৭. যায়েদ ইবনু আসলাম (ভারীকে) মনে করেন, যার সংসার আছে। আর (হালকাকে) মনে করেন যার সংসার নেই।

৮. ইমাম আওযায়ী (রহ.) মনে করেন এরা হচ্ছে লড়াইকারী 'পদাতিক সিপাহী' আর 'অশ্বারোহী।'

৯. অন্য এক তাফসীরে এটাও বর্ণনা করা হয়েছে যে, ঐ সকল লোক যারা যুদ্ধে সর্বপ্রথম বের হয়, অর্থাৎ সেনাবাহিনীর 'অগ্রগামী দল' আর হচ্ছে 'সৈন্যের বাকী অংশ।'

১০. ইমাম নাক্কাশ (রহ.) হালকার তরজমা করেছেন 'বাহাদুর' এবং ভারীর তরজমা করেছেন 'ভীতু।'

মোটকথা, এ আয়াতে আল্লাহ পাক মানুষকে সমষ্টিগতভাবে এ আদেশ করেছেন যে, 'বের হয়ে পড় স্বল্প (হালকা) বা প্রচুর (ভারী) সরঞ্জামের সাথে।'

হাদীসে বর্ণিত আছে, একদিন উম্মে মাকতুম রা. (তিনি ছিলেন অন্ধ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে তাঁকে জিজ্ঞেস করলেন, 'আমারও কি জিহাদে (যুদ্ধে) অংশগ্রহণ করা ফরজ?'

জবাবে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ।

অতঃপর আল্লাহ তায়ালা এ আয়াত নাযিল করলেন, এ আদেশের মাধ্যমে অন্ধদের অন্তরে কষ্ট দেয়া উদ্দেশ্য নয়। অর্থাৎ তাদের এ অক্ষমতাকে মেনে নেয়া হয়েছে এবং তাদেরকে এ হুকুম থেকে মুক্তি দেয়া হয়েছে।

এ আলোচনা শুধুমাত্র আয়াতে উল্লিখিত ঐ দু'টি শব্দ হালকা ও ভারির উদাহরণস্বরূপ উপস্থাপন করা হয়েছে। কোন বিবেকবান ও চৌকস ব্যক্তির এই ব্যাপারে বিন্দুমাত্র সন্দেহের অবকাশ নেই যে, আফগানিস্তান, ফিলিস্তিন এবং পৃথিবীর ঐ সকল মুসলিম জনপদে নির্যাতনে জর্জরিত, নিষ্পেষিত অসহায় মুসলমানদের উপর এ আয়াত প্রকাশ্য ঘোষণা। আর এ আয়াতের বিধান আমাদের সকলের উপরও আরোপিত হয়েছে। এতে হালকা অথবা ভারী উভয় অবস্থায় বের হওয়ার আদেশ করা হয়েছে।

এ কথার উপর পৃথিবীর সকল মুফাসসিরীন, মুহাদ্দেসীন, ফোকাহায়ে কেরাম এবং শাইখুল উলামা ও সকল নীতিনির্ধারকগণ একত্রিত হয়ে ঐকমত্য পোষণ করেছেন যে, যখন শত্রু কোন ইসলামিক ভুখণ্ডে আক্রমণ চালায় অথবা এমন কোন ভূমিতে আক্রমণ চালায় যা আগে ইসলামের আওতাধীন ছিল, তবে সেই আক্রান্ত রাষ্ট্রের মুসলমানদের অবশ্য করণীয় হলো শত্রুর মোকাবেলা করার জন্যে আল্লাহর পথে সর্বস্ব নিয়ে বেরিয়ে পরা। আর যদি তারা অলসতার কারণে হাত-পা গুটিয়ে ঘরে বসে থাকে এবং শত্রুকে প্রতিরোধ করতে না পারে, তবে এ ফরজ হুকুম পার্শ্ববর্তী জনপদবাসীর উপর স্থানান্তরিত হয়। তারাও যদি কোন কারণে শত্রুকে প্রতিহত করতে ব্যর্থ হয়, তাহলে শত্রুকে প্রতিহত করার দায়িত্ব স্থানান্তরিত হয় তাদের পার্শ্ববর্তী এলাকার জনগণের উপর। আর ঠিক এভাবে পর্যায়ক্রমে পৃথিবীর সকল মুসলমানের উপর জিহাদ ফরয হয়ে যায়। আর যখন জিহাদ এভাবে ফরজে আইন হয়ে যায় তখন সালাত এবং সাওমের মতই জিহাদকেও ত্যাগ করার কোন অবকাশ থাকে না। অর্থাৎ তখন ছেলে-পিতার অনুমতি ছাড়া, ঋণী গ্রহীতা ঋণদাতার অনুমতি ছাড়া, স্ত্রী স্বামীর অনুমতি

ছাড়া এবং গোলাম নিজের মালিকের অনুমতি ব্যতীতই জিহাদের ময়দানে ঝাঁপিয়ে পড়া অত্যাবশ্যকীয় হয়ে যায়।

জিহাদের এই ফরয হুকুম ততদিন পর্যন্ত বহাল থাকবে যতদিন মুসলিম ভূখণ্ডগুলো কাফিরদের আক্রমণের হাত থেকে রক্ষা করে এর পবিত্রতাকে ফিরিয়ে দেয়া না হয়। আগের কথার প্রসঙ্গ ধরে এখানে উল্লেখ্য যে, নারীদের কোন সফরে যোগ দিতে হলে তার সাথে অবশ্যই মাহরাম থাকতে হবে।

আমার এই স্বল্প পরিসরের জীবনে যতটুকু অভিজ্ঞতা অর্জন করেছি তাতে আজ অবধি এমন কোন ফেকাহ, হাদীস ও তাফসীরের কিতাব দেখিনি, যে কিতাবে জিহাদ ফরজে আইন অবস্থায় জিহাদে শরীক হওয়ার ব্যাপারে পিতা-মাতা, স্ত্রী-পুত্র কিংবা মালিকের অনুমতির শর্ত জুড়ে দেয়া হয়েছে।

জিহাদ ফরজে আইন হয়ে যাওয়ার পর মুসলমানদের গর্দান থেকে এর গুনাহ সেই পর্যন্ত দূর হবে না, যতদিন পর্যন্ত ইসলামী রাষ্ট্রের এক ইঞ্চি জমিতেও কাফিররা অধিপত্য বিস্তার করবে। তবে হ্যাঁ, এ গুনাহ হতে শুধুমাত্র ঐ ব্যক্তি মুক্ত থাকবে যে ইখলাসের সাথে উক্ত জিহাদে অংশগ্রহণ করেছে।

সুতরাং আজ এই পরিস্থিতিতে যে ব্যক্তি জিহাদের ময়দান থেকে নিজেকে সরিয়ে রেখেছে সে তার একটি অবশ্য কর্তব্যকে অবহেলা করছে। এবং তার অবস্থা ঠিক ঐ লোকের মত যে কোন উজর ছাড়াই রমজান মাসের রোজা ছেড়ে দিল কিংবা বিশাল সম্পদের মালিক হওয়া সত্ত্বেও যাকাত প্রদান করতে অস্বীকার করল। বরং জিহাদ পরিত্যাগকারী ব্যক্তির পরিণতি এদের চেয়ে অনেক বেশি ভয়াবহ এবং গুনাহ অনেক গুণ বেশি।

ইমাম ইবনে তাইমিয়া (রহ.) বলেন, দীন এবং দুনিয়াকে ধ্বংস করার উদ্দেশ্যে আক্রমণকারী শত্রুর মোকাবেলা করা ঈমান আনার পর সর্বপ্রথম ওয়াজিব (অবশ্য পালনীয় কর্তব্য)। এর চেয়ে বড় আর কোন ফরজ ও ওয়াজিব হুকুম নেই। [ফাতওয়া আল-কুবরা : ৪/৫২০]

এটা সূর্যালোকের ন্যায় পরিষ্কার সত্য যা থেকে কেউ মুখ সরিয়ে নিতে পারবে না, আর সেটা হল আবু তালহা (রা.)-এর মুখের একটি বাণী; তিনি বলেন– 'যুবক হও অথবা বৃদ্ধ হও, আল্লাহ কারো কোন উজর কবুল করবেন না।'

অতঃপর তিনি তার ছেলেদের লক্ষ্য করে বললেন– 'হে আমার ছেলেরা! আমাকে প্রস্তুত করে দাও।'

ছেলে তাকে লক্ষ করে বলল, 'আল্লাহ আপনার উপর রহম করুন।' আপনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জীবদ্দশায় সর্বদা তার সাথে জিহাদে অংশগ্রহণ করেছিলেন। এরপর আবু বকর সিদ্দীক (রা.)-এর জামানায়ও তার

সাথে জিহাদের ময়দানে ছিলেন এবং হযরত উমর (রা.)-এর জামানাতেও সর্বদা তার সাথে জিহাদে শরীক ছিলেন। এখন আপনি জিহাদের উপযুক্ত নন; বরং এখন আমরা আপনার পক্ষ থেকে জিহাদে অংশগ্রহণ করতে প্রস্তুত। এ নিয়ে আপনার পেরেশান হওয়ার কি প্রয়োজন?

এই কথা শুনে আবু তালহা (রা.) বললেন– না! না! আমাকে প্রস্তুত করে দাও।

এরপর তিনি প্রস্তুত হলেন এবং মুজাহিদীনদের এক নৌ-কাফেলার সাথে জিহাদের উদ্দেশ্যে বের হয়ে গেলেন। সফরকালীন অবস্থায় সমুদ্রেই তিনি শাহাদাতের অমিয় সুধা পান করেন। তখন সাথীরা তাঁকে দাফন করার জন্য দীর্ঘ সাতদিন পর্যন্ত খুঁজেও কোন দ্বীপের সন্ধান পেলেন না। এরপর দীর্ঘ সাতদিন পর যখন তাকে কোন দ্বীপে দাফন করা হয় তখনও তাঁর শরীর পূর্বের মতই তরতাজা ছিল, এর মাঝে কোন প্রকারের পরিবর্তন সাধিত হয়নি। আল্লাহ তাঁকে শহীদ হিসেবে কবুল করুন। আমিন!

ইমাম কুরতুবী (রহ.) তার ঐতিহাসিক গ্রন্থ তাফসীরে কুরতবীর অষ্টম খণ্ডের ১৫১ পৃষ্ঠায় লিখেন যে, মুসলিম অধ্যুষিত রাষ্ট্রের কোন কোন এলাকা বা অঞ্চলের কোন ভবনে শত্রুরা যদি নামমাত্রও আঘাত হানে তবে সেই অঞ্চলের সকল অধিবাসীর উপর জিহাদ ফরজ হয়ে যায়। আর তাদের অপারগতায় এলাকার লোকদের উপরও জিহাদ ফরজ হয়ে যাবে। অর্থাৎ তাদের কর্তব্য যে হালকা হোক বা ভারী হোক, যুবক হোক অথবা বৃদ্ধ হোক, প্রত্যেকে যার যার শক্তি নিয়ে বের হবে। যাদের পিতা-মাতা জীবিত নেই তারাও বের হবে, আর যাদের পিতামাতা বেঁচে আছেন অনুমতির অপেক্ষা না করে তারাও আল্লাহর পথে বেরিয়ে আসবে। বের হতে সক্ষম এমন লোক যেন পিছনে পড়ে না থাকে, চাই সে ভারী হিসাবে বের হোক, চাই হালকা হিসাবে বের হোক। অতঃপর শহরের বাসিন্দারা যদি শত্রুর মোকাবেলা করতে না পারে, তবে তার নিকটবর্তী অঞ্চলের মুসলমানদের একান্ত কর্তব্য হল শত্রুর মোকাবেলা করার জন্য বেরিয়ে আসা। সেই সাথে নিজ এলাকাবাসীকে শক্তি সঞ্চয় ও শত্রুর মোকাবেলায় বেরিয়ে আসতে অনুপ্রাণিত করা।

এমনিভাবে যদি কোন মুসলমানের কাছে এ সংবাদ পৌঁছে যে, মুসলিম বাহিনীর শক্তি খুবই দুর্বল এবং পরাজিত হওয়ার আশংকা রয়েছে, এমতাবস্থায় সে মুসলিম যদি নির্যাতিত মুসলমানদের যেকোন উপায়ে সাহায্য করতে সক্ষম হয়, তবে তার উচিত তাদের সাহায্যের জন্যে বেরিয়ে পড়া। কেননা সকল মুসলমান শত্রুর সামনে একই শরীরের ন্যায় একটি দুর্ভেদ্য শক্তি। এমনিভাবে শত্রু

কবলিত অঞ্চলের অধিবাসীরা শত্রুকে পরাস্ত করে বিজয় লাভ করতে সক্ষম হলে এই ফরজ অন্যদের উপর থেকে রহিত হয়ে যাবে।

অনুরূপভাবে যদি শত্রুবাহিনী দারুল ইসলামে আক্রমণ করতে তাদের সৈন্য বাহিনী নিয়ে উদ্যত হয় এবং দারুল ইসলামের সীমান্তের নিকট চলে আসে, যদিও সীমান্ত অতিক্রম করে দারুল ইসলামের ভেতরে প্রবেশ না করে তথাপি সীমান্ত রক্ষার জন্যে ঐ শত্রুকে প্রতিহত করতে ঘর থেকে বেরিয়ে পড়া প্রত্যেক মুসলমানের উপর ফরজ হয়ে যায়। যেন আল্লাহর দীন বিজয় লাভ করতে পারে, মুসলিম জাতি বিপর্যয়ের হাত থেকে রক্ষা পায়, ইসলামী সীমান্ত নিরাপদ থাকে এবং শত্রুরা পরাস্ত হয়। আর এ ব্যাপারে কারও মধ্যেই কোন মতানৈক্য নেই।

বিশিষ্ট কবি আল-যা'দিনের স্ত্রী তাকে অনুরোধ করেছিল জিহাদের ময়দানকে পরিত্যাগ করে পরিবারের সাথে সময় কাটাতে। তিনি কত সুন্দর করেই না এর উত্তরে বলেছিলেন–

সে বসেছিল বিনিদ্র রজনীতে অশ্রুসিক্ত চোখে
আটকাতে আমায় সে পথ হতে
আল্লাহর সন্তুষ্টি রয়েছে যাতে,
হে প্রেয়সী! এ তো আল্লাহর হুকুম সামনে এগিয়ে যাওয়ার,
যদি ফিরে আসি তবে এই ফিরে আসার প্রশংসা আল্লাহর
যদি ফিরতে না পারি রবের ডাকে
তবে জীবন গড় নতুন করে।
আমায় তো আজ যেতেই হবে, যেতেই হবে সেই জমিনে।

পঞ্চম কারণ : আল্লাহভীরু পূর্বসুরীদের পদাংক অনুসরণ

জিহাদ ছিল সালফে সালেহীনদের জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ। হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন মুজাহিদদের সর্বকালের সর্বশ্রেষ্ঠ নেতা। তিনি ছিলেন সেই সময়কার সৌভাগ্যবান ব্যক্তিদের আদর্শ। সৈন্যদলের মূল অংশের কমান্ডার ছিলেন তিনি। যুদ্ধ যখন ভয়ংকর রূপে পরিণত হত এবং সাহাবায়ে কেরাম যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে শত্রুর তীরবৃষ্টি ও আক্রমণ থেকে রক্ষার জন্যে সারি বেঁধে দাঁড়ানোর চেষ্টা করতেন তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে শত্রুর একেবারে নিকটে পাওয়া যেত।

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মোট যুদ্ধের সংখ্যা হচ্ছে ২৭টি। যে সকল যুদ্ধে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সশরীরে অংশ নিয়েছেন তার সংখ্যা হচ্ছে ৯টি। অর্থাৎ বদর, উহুদ, মুরাইসী, খন্দক, বনী কোরাইযা, খায়বার, মক্কাবিজয়, হুনাইন এবং তায়েফের যুদ্ধ।

অবস্থা এরকম দাঁড়ায় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ২৩ বছরের নবুওয়াতী জীবনের মধ্যে মক্কার জীবনের পর দশ বছরের মদীনা জীবনে ২৭ বার যুদ্ধের ময়দানে বের হন এবং ৪৭টি সারিয়া (ছোট সৈন্যদল) প্রেরণ করেন। আর এর মাধ্যমে ইসলাম ও জিহাদের মাঝে পারস্পরিক গভীর সম্পর্কের কথা এবং জিহাদের প্রয়োজনীয়তাও দিবালোকের মত স্পষ্ট হয়ে যায়।

লক্ষ করলে বোঝা যাবে যে, খুব বেশি হলে দুই মাস অন্তর অন্তর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন না কোন সারিয়া পাঠাতেন। অথবা স্বয়ং নিজেই যুদ্ধের জন্যে বের হতেন। প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এ পদ্ধতির উপরই সাহাবায়ে কেরাম (রা.)-এর জীবন পরিচালিত।

ইমাম হাকিম তার মুসতাদরাক কিতাবের দ্বিতীয় খণ্ডের ২৭৫ নম্বর পৃষ্ঠায় লিখেন– হযরত আসরাম আবু ইমরান (রা.) থেকে বর্ণিত যে, কুসতুনতুনিয়ার অবরোধের সময় জনৈক মুহাজির শত্রুব্যূহ ভেদ করে অনেক ভেতরে চলে যায়। আবু আইয়ুব আনসারী (রা.) আমাদের সাথে ছিলেন। তার সামনে কোন এক ব্যক্তি পর্যালোচনা করলেন যে, সে নিজেই নিজেকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে। একথা শ্রবণ করা মাত্র হযরত আবু আইয়ুব আনসারী (রা.) বলে উঠলেন, এ আয়াত সম্পর্কে আমরা সবচেয়ে বেশী জানি। এ আয়াত আমাদের উপর ঐ সময় অবতীর্ণ হয়েছে যখন আমরা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাঁধে কাঁধ মিলিয়ে বহু যুদ্ধ করার পর ইসলামের বিজয় অর্জিত হয় এবং ইসলাম বিস্তার লাভ করে।

একদিন নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে বসে আমরা কতিপয় আনসার পরস্পর এ আলোচনা করছিলাম যে, আমাদের কতই না সৌভাগ্য যে আল্লাহ তায়ালা আমাদেরকে তাঁর রাসূলের সংস্পর্শে ধন্য করেছেন। এখন ইসলাম বিস্তৃতি লাভ করেছে এবং মুসলমানদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। আর এ সফলতা লাভের জন্যে আমাদের পরিবার পরিজনকে বহু সমস্যার সম্মুখীন হতে হয়েছে এবং নিজেদের সম্পদ ও সন্তান সন্ততির অনেক ত্যাগ স্বীকার করতে হয়েছে। আলহামদুলিল্লাহ! এখন যুদ্ধ শেষ হয়েছে। আমরা

পরিবার পরিজনদের কাছে ফিরে গিয়ে তাদেরই মাঝে দিনাতিপাত করব। আমরা যখন এই আলোচনা করছিলাম ঠিক তখনই এই আয়াত অবতীর্ণ হয়–

وَأَنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ وَأَحْسِنُوا إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُحْسِنِينَ

তোমরা আল্লাহর পথে ব্যয় কর এবং নিজের হাতে নিজের জীবনকে ধ্বংস ও ক্ষতির দিকে ঠেলে দিও না; আর সৎকাজ কর, নিশ্চয়ই আল্লাহ তায়ালা নেককার লোকদের পছন্দ করেন। *[সূরা বাকারা : ৯৫]*

মূলত ধ্বংস এটাই ছিল যে, আমরা নিজেদের পরিবার পরিজন এবং সম্পদের মাঝে থেকে যাওয়া এবং জিহাদ ছেড়ে দেয়া। ধ্বংসের অর্থ এটা নয় যে, কোন ব্যক্তি বীরত্ব প্রদর্শন করতে করতে শত্রুদের মাঝে ঢুকে পড়বে। *[ইমাম হাকিম তার মুসতাদরাক কিতাবের দ্বিতীয় খণ্ডের ২৭৫ নং পৃষ্ঠায় এটি উল্লেখ করেন]*

হযরত ইকরামা (রা.) বর্ণনা করেন, 'যামরাতু বনুল আঈস' হলো সে ব্যক্তি, যে ছিল নিপীড়িত, নির্যাতিত এবং মক্কায় অবস্থানরত মুসলমানদের মধ্যে সর্বাধিক দুর্বল ও অসুস্থ। এমতাবস্থায় যখন তিনি জানতে পারলেন মহান আল্লাহ তায়ালা হিজরত সম্পর্কে আয়াত নাজিল করেছেন, তিনি তখন বললেন– আমাকে এ অঞ্চল থেকে বের করে অন্যত্র নিয়ে চল। এরপর তার জন্যে একটা বিশেষ বিছানার ব্যবস্থা করা হল এবং তার ওপর তাকে শোয়ানো হল। আর সেই বিছানায় করে তাকে বাইরে নিয়ে আসা হল। তবে মক্কা থেকে বেশি দূরে নিতে পারলেন না, মাত্র ছয় কিলোমিটার দূরে যাওয়ার পর 'তানঈম' নামক স্থানে তাঁর ইন্তেকাল হয়। এখানে লক্ষ্যণীয় বিষয় যে, সাহাবায়ে কেরাম (রা.)গণ এ আয়াতের মর্মকে কেমনভাবে উপলব্ধি করতে সক্ষম হয়েছেন। এ আয়াত অবতীর্ণ হওয়ার পর এর জীবন অতিবাহিত করতে কতই না পছন্দ করতেন। *[তাফসীরে কুরতুবী : ৫/৩৪৯]*

ইমাম তাবারী (রহ.) তার এক নিকটম বন্ধু থেকে একটি ঘটনা বর্ণনা করেন– এক বন্ধু মেকদাদ ইবনুল আসওয়াদ নিজের অতিশয় মোটা ও ভারী দেহের অনুপাতে উর্দির অর্ডার দিচ্ছিলেন। তাবরী (রহ.)-এর বন্ধু মেকদাদকে জিজ্ঞাসা করলেন, কি ভাল আছেন তো? জবাবে মেকদাদ বললেন, অন্য কিছু নয় জিহাদের প্রস্তুতি নিচ্ছি। তখন তিনি পুনরায় বললেন, আল্লাহ তো আপনার এ ওজরকে (অতিশয় মোটা দেহ) কবুল করেছেন, তারপরও কেন এ কষ্ট স্বীকার? জবাবে মেকদাদ বললেন, আমাদের ঘর থেকে বের হওয়ার আদেশ সূচক আয়াত এসেছে। বের হও, যদিও তুমি হালকা অথবা ভারী।

ইমাম যুহরী (রহ.) বলেন, 'সাইদ ইবনুল মুসাইয়্যিব জিহাদের উদ্দেশে বের হয়েছেন অথচ তার একটি চক্ষু পূর্বেই আল্লাহর পথে শহীদ হয়েছে। পথিমধ্যে তাকে দেখে একজন বললেন, আপনি তো জিহাদ করতে অক্ষম, আপনি বিশ্রাম করুন, যুদ্ধে বের হওয়ার জন্যে আপনি ছাড়া আরো বহুলোক রয়েছে।

জবাবে তিনি বললেন, না! আল্লাহ তায়ালা হালকা এবং ভারী প্রত্যেক ব্যক্তিকেই জিহাদের উদ্দেশ্যে বের হতে বলেছেন। যদি আমি যুদ্ধ করতে সক্ষম না হই তবে মুসলিম বাহিনীর ক্যাম্প পাহারা দেব। তাও যদি না পারি তবে মুসলিম বাহিনীর সংখ্যা তো বাড়াতে পারব।

এক বর্ণনায় জানা যায়, আস-শাম (বর্তমান সিরিয়া, লেবানন, জরদান, ফিলিস্তিন)-এ জিহাদ চলাকালে ময়দানে জনৈক ব্যক্তি একজন শুভ্র দাড়িওয়ালা বৃদ্ধকে দেখতে পান। তিনি ছিলেন এমনই বৃদ্ধ যে তার চোখের পাপড়িগুলো ঝুলে ছিল চোখের ওপর। এমন একজন বৃদ্ধকে জিহাদের ময়দানে দেখে সেই ব্যক্তি অবাক হন এবং তাকে জিজ্ঞেস করেন, চাচাজান, আল্লাহ তো আপনার অক্ষমতাকে কবুল করেছেন। তারপরও কেন আপনি জিহাদের এ অসহনীয় কষ্ট সহ্য করার জন্য বের হয়েছেন?

উত্তরে তিনি বললেন, ভাতিজা! আল্লাহ আমাদের যুবক-বৃদ্ধ উভয় অবস্থায় বের হওয়ার আদেশ করেছেন। *[তাফসীরে কুরতুবী : ৮ নং খণ্ডের ১৫১ পৃষ্ঠা]*

প্রিয় পাঠক, একটু চিন্তা করুন হযরত ইব্রাহীম আদহাম (রহ.)-এর কথা, যখন তিনি বার্ধক্যে উপনীত হলেন আর বুঝতে পারলেন যে তার মৃত্যু সন্নিকটে, তখন তিনি বললেন, আমার ধনুকটিতে যুদ্ধের জন্যে তীর লাগিয়ে প্রস্তুত করে দাও। এরপর তিনি তার সেই ধনুকটি হাতে নিয়েই ইন্তেকাল করলেন। তার মৃত্যু এমনভাবে হয় যে, তার সেই ধনুক হাতেই মজবুতভাবে ধরা ছিল। ইন্তেকালের পর তাকে রোম দেশের এক দ্বীপে দাফন করা হয়। *[তারীখে দামেস্ক, আল্লামা ইবনু আসাকীর, ভলিয়ম : ২ পৃষ্ঠা : ১৭৯]*

লক্ষ্য করুন! আবদুল্লাহ ইবনে আল মুবারাক (রহ.)-এর দিকে, যিনি বার্ধক্যজনিত দুর্বলতা থাকা সত্ত্বেও ইসলামের ভৌগোলিক সীমান্তে জিহাদ ফি-সাবিলিল্লাহে অংশগ্রহণের জন্যে দুই হাজার ছয়শ' কিলোমিটার পথ অতিক্রম করেছেন, যার কিছু পথ পায়ে হেঁটে এবং কিছু পথ সওয়ারীর উপর আরোহণ করে এসেছেন। *[আবদুল্লাহ ইবনু মুবারাক : ড. মুহসিব থেকে]*

যুবায়ের ইবনে কুমাইর আল-মারযোবি (রহ.) বলেন, চল্লিশ বছর ধরে সাধ জেগেছে গোশত খাওয়ার। কিন্তু আমি গোশত খাই না; কারণ আমি প্রতিজ্ঞা করেছি, ততদিন পর্যন্ত গোশত মুখে নিব না, যতদিন না আমি রোমে প্রবেশ

করছি এবং সেখানে জিহাদে প্রাপ্ত গনিমতের মাল বকরী থেকে গোশত আহার করতে পারছি। *[কিতাবুল মুদারেক, কাজী ইয়াজ থেকে, খণ্ড : ৩, পৃষ্ঠা : ২৪৯]*

কুফার বিখ্যাত কাজী উরুয়া ইবনু যা'আদ তার বাড়িতে সত্তরটি ঘোড়াকে সর্বদা সাওয়ারির জন্যে প্রস্তুত রাখতেন জিহাদের উদ্দেশ্যে। *[তাহযিবুল আসমা ওয়াল লুগাত : ১/৩৩১]*

মুহাম্মদ ইবনে ওয়াসি ছিলেন অত্যন্ত ধর্মভীরু এবং মুহাদ্দিস। তিনি অনেক জিহাদে অংশগ্রহণ করেছিলেন এবং জিহাদের সম্মুখভাগের অকুতোভয় সৈনিক ছিলেন। জিহাদে নেতৃত্ব দানকারী সেনাপ্রধান কুতায়বাহ ইবনে মুসলিম আল বাহিলী তার সম্পর্কে বলেন, আমার কাছে জিহাদের ময়দানে হাজার হাজার পরিচিত তরবারি আর শক্ত-সামর্থ যুবকদের মুহাম্মদ ইবনে ওয়াসির আকাশের দিকে উঁচিয়ে ধরা তর্জনি অধিক প্রিয়। *[আল মাশুক ফিল জিহাদ : পৃষ্ঠা ৬৬]*

আহমদ ইবনে ইসহাক সুলামী (রহ.) বলেন, আমার এই তরবারি দিয়ে আমি হাজারো কাফের হত্যা করেছি। যদি এটা বেদআত না হত তাহলে এই তরবারিটিকে আমার মৃত্যুর পর কবরে আমার সাথে দিয়ে দেয়ার অসিয়ত করে যেতাম। *[তাহজীব আল তাহজীব ইবনে হাজার আসকালানি : ১/১৪]*

আহমদ ইবনু ইসহাক সুলামী (রহ.) বলেন, আবদুল্লাহ ইবনু ক্কাদুসের (রহ.) ঘটনা, যিনি স্পেনের খৃষ্টানদের কাছে মরণজয়ী অকুতোভয় যোদ্ধা হিসাবে প্রসিদ্ধ। সুতরাং কোন একদিন জনৈক খৃষ্টান তার ঘোড়াকে পানি পান করার জন্য নদীতে নিয়ে গেলে ঘোড়াটি পানি পান না করে নদী থেকে মুখ উঠিয়ে ফেলল। এমতাবস্থায় সে ভীত-সন্ত্রস্ত হয়ে ঘোড়াকে জিজ্ঞাসা করল, কি ব্যাপার! পানি পান করছ না কেন? পানিতেও কি ইবনু ক্কাদুসের চেহারা ভেসে উঠেছে? যার ভয়ে তুমি পানি পান করা ছেড়ে দিয়েছো? *[আলমাশুক ফিল জিহাদী : পৃ. ৭৭]*

বদরউদ্দীন আম্মার (রহ.)-এর কাহিনী, যিনি নিজের চাবুকের আঘাতে সিংহকেও বশ করে ফেলতেন। এ বীরত্ব দেখেই মুতানাব্বী তার প্রশংসায় কবিতা রচনা করেন।

তিনিতো সেই বীর,
যিনি চাবুক দিয়ে সিংহকে করেছেন শেষ।
কিয়ামত অবধি থাকবে বাকী,
তার এই বীরত্বের লেশ।

এবং এরপর চলে আসে ওমর আল মুখতার-এর কথা, এই বীর সম্পর্কে তৎকালীন ইটালির সেনাপ্রধান গিরাসিয়ানি বলেন, সে আমাদের সেনাবাহিনীর

বিপক্ষে বিশ মাসে প্রায় দুইশ' তেষট্টিটি ছোট ছোট যুদ্ধে অংশগ্রহণ করেন এবং তার পুরো জীবনে তিনি এক হাজারের মত যুদ্ধে অংশগ্রহণ করেছেন।

শাঈখ মুহাম্মাদ ফারগালীর (রহ.) ঘটনা, যখনই ইংরেজরা জানতে পারত যে, ফারগালী শহরে প্রবেশ করেছেন তখনই তারা পুরো শহরে জরুরি অবস্থা ঘোষণা করত এবং সেনা ছাউনিতে সাইরেন বাজিয়ে বিপদ সংকেত জানিয়ে দিত। তৎকালীন ইংরেজরা তাকে জীবিত অথবা মৃত গ্রেফতার করে দেয়ার জন্য পুরস্কার ঘোষণা করেছিল পাঁচ হাজার পাউন্ড।

সুইজখালের তীরে বাঁধা ইংরেজ নৌবহরে আক্রমণকারী ইউসুফ তাল'আতকে 'ইংরেজ খেকো' নামে অভিহিত করা হতো। কারণ তিনি ইংরেজদের কসাইয়ের ন্যায় কর্তনকারী ছিলেন। প্রেসিডেন্ট নাসির তার আমেরিকান মনিবদেরকে খুশি করার জন্যে তাঁকে গ্রেফতার করে ফাঁসি দিয়ে দেয়।

আহমাদ শাহ মাসুদের এক কর্মী 'মুহাম্মদ বানার' আমাকে বলেছিল যে, তিনি স্বীয় বাহিনী নিয়ে সালাং ঘাঁটিতে আক্রমণ করে প্রায় চারশ'র মত রাশিয়ান গাড়িবহর ধ্বংস করে দেন। রাশিয়ানরা তাকে 'জেনারেল মুহাম্মদ বানা' নামে সম্বোধন করত। মুহাম্মাদ বানা আমাকে বলেছিলেন যে, একবার তিনি সর্বমোট ১৫০ ট্যাংক উড়িয়ে দিয়েছিলেন এবং দখল করে নিয়েছিলেন প্রায় ২০০ এ কে ৪৭ এবং এ কে এস ৭৪ ইউ অস্ত্র।

বন্ধুরা আমার!

এটা হলো আমাদের পূর্বসূরীদের সুন্নাত। পৃথিবীর ইতিহাস রচনাকারী, বিশ্ববিজয়ী, দুঃসাহসী ও অকুতোভয় মহানবীর মুজাহিদদের পথ। এ পথেই কি আমরা পরিচালনা করব না আমাদের জীবন?

ষষ্ঠ কারণ : সুদৃঢ় ইসলামী সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠার জন্যে দুর্ধর্ষ জানবাজ বাহিনী গঠন

এ কথাটি দিবালোকের ন্যায় সুস্পষ্ট যে, পৃথিবীর বুকে একটি শরীয়া ভিত্তিক ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠা প্রত্যেক মুসলমানের জন্যে অবশ্য কর্তব্য। পানি এবং বাতাস ছাড়া যেমন মানুষের জীবন কল্পনা করা যায় না তেমনি ইসলামী শরীয়া ভিত্তিক রাষ্ট্র ব্যবস্থা ছাড়া মুসলমানদের অস্তিত্বও কল্পনা করা যায় না। আর এ কাঙ্ক্ষিত ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করা জিহাদের ধ্বনিকে বুলন্দকারী এবং জিহাদী কর্মসূচী বাস্তবায়নকারী ও রণাঙ্গনে রক্তের বন্যা প্রবাহকারী কোন সুশৃঙ্খল ইসলামী সংগঠন ছাড়া সম্ভব নয়। কোন ইসলামী সংগঠনই জিহাদের পদ্ধতি

ব্যতীত ইসলামী সমাজ ব্যবস্থা তথা ইসলামী রাষ্ট্রের রূপদানের মহান দায়িত্ব আদায় করতে সক্ষম নয়।

ইসলামী সংগঠনের উদাহরণ এমন যার কর্মীদের জিহাদী কার্যক্রম হৃদয় প্রকম্পিতকারী এবং সুদৃঢ় পরিকল্পনাকারী হবে। অথবা এমন যে, ক্ষুদ্র একটি ইলেক্ট্রিক স্টাটারের ন্যায়, যে নিজের বিন্দু পরিমাণ বিদ্যুৎ দিয়ে বড় বড় মর্টার চালাতে সক্ষম। এই ইসলামী সংগঠন এ বিশাল জাতির প্রাথমিক শক্তি অর্জন করবে এবং পরবর্তীতে তার গভীরে কল্যাণের বীজ বপন করবে।

আপনি অবশ্যই জানেন যে, কায়সারের প্রভাব প্রতিপত্তিকে মাটির সাথে একাকারকারী এবং কিসরার সিংহাসনকে ধ্বংসকারী সাহাবায়ে কেরাম (রা.)-এর সর্বমোট সংখ্যা বর্তমান মুসলিম জাতির তুলনার নিতান্তই কম ছিল।

হযরত আবু বকর (রা.)-এর খেলাফত আমলে যে গোত্র বিদ্রোহ করে ইসলাম থেকে বের হয়ে গিয়েছিল, ওমর বিন খাত্তাব (রা.) সেই গোত্রকেও পারস্যের সাথে যুদ্ধ করতে পাঠিয়েছিলেন, তাদের ক্ষমা মঞ্জুর করার পর। সেই গোত্রের নেতা তালহা ইবনে খাওয়াইলিদ আল আসাদি– যে পূর্বে নিজেকে নবী দাবী করেছিল– সে ক্ষমা প্রার্থনা করে ইসলামে প্রত্যাবর্তন করার পর মুসলমান সেনাদলের হয়ে বীরত্বের পরিচয় রাখে। সেই সময়কার মুসলমান সেনাদলের সেনাপতি সাদ (রা.) তালহা ইবনে খাওয়াইলিদ আল আসাদিকে পারস্যের সেনাদলের গোপন তথ্য সংগ্রহের গুরু দায়িত্ব অর্পণ করেছিলেন। যা তিনি অত্যন্ত সাহসিকতার সাথে পালন করেন।

আজকের জিহাদ পরিচালনায় হাতে গোনা কয়েকজন আমির রয়েছেন, তাদের মধ্যে কেউ কেউ মনে করতে পারেন যে, তাদের পক্ষে খুব সহজেই একটি সার্বজনীন সফল ইসলামী আন্দোলনকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব। প্রকৃতপক্ষে তাদের এই ধারণা হল অলীক কল্পনা এবং নিজেদের সাথে প্রতারণার সামিল, যা স্মরণ করিয়ে দেয় অতীত ইতিহাস। আব্দিল নাসেরের ইসলামিক আন্দোলনের দুঃখজনক পরিণতির কথা এক্ষেত্রে বলা যেতে পারে।

আমাদেরকে একথা স্মরণ রাখতে হবে যে, জিহাদী কার্যক্রমের সুদীর্ঘ পথের পথিকদের অসংখ্য মুসিবতের তিক্ততাকে আস্বাদন করতে হয়। ত্যাগ ও কুরবানী নজরানা পেশ করতে হয়। লাশের স্তুপ মাড়িয়ে নিজের যাত্রা অব্যাহত রাখতে হয়। ফলে তাদের হৃদয় পবিত্র হয়ে উদার হয়ে যায়। দুনিয়াবী ছোট খাটো ফাসাদ মিটে যায়। অন্তর থেকে বস্তুর লোভ শেষ হয়ে যায় এবং পরস্পরের বিদ্বেষ মিটে যায়।

অতঃপর হৃদয় পরিষ্কার পরিচ্ছন্ন হয়ে চমকাতে থাকে এবং কাফেলা নিচু পথ বর্জন করে সুউচ্চ চূড়ার দিকে যাত্রা শুরু করে। সে উচ্চ চূড়া যার মধ্যে মাটি তো দূরের কথা মাটির গন্ধও নেই এবং বনের ঝাড়-জঙ্গল কিছুই নেই।

আর মনে রাখতে হবে, জিহাদের পথে সৎ নেতৃত্বের দ্বারাই একমাত্র সম্মুখে অগ্রসর হওয়া সম্ভব। ত্যাগ ও দান খয়রাতের মাধ্যমে নিজেদের সুপ্ত যোগ্যতার বিকাশ ঘটে এবং পুরুষের পৌরুষত্ব ও বীরত্বের বহিঃপ্রকাশ ঘটে। তাই তো বলা হয়েছে–

সম্মান নেইকো নাচে গানে,
আছে মর্যাদা বিনিদ্র রজনী ও রণে।

লক্ষ্য বস্তুর উন্নতির ফলে মানুষের দৃষ্টিও ছোট ছোট বস্তু থেকে দূর হয়ে বড় বড় বস্তুর দিকে পরিবর্তন হয় এবং এ বড় বড় কাজের কামনা ও আকাঙ্ক্ষাই লক্ষ্যবস্তুতে পরিণত হয়।

যখন কুড়াতে নেমেছ সম্মান, লুণ্ঠিত গৌরব
তখন লক্ষ যেন হয় আকাশ ছোঁয়ার, শহীদের সৌরভ
বিছানা কিংবা জিহাদের ময়দান, মৃত্যুর স্বাদতো একই
তবে কেন এই কাপুরুষতা, কতকাল দেবে ফাঁকি।

সামাজিকতার চরিত্রও ঠিক পানির মত। যেমনিভাবে আবদ্ধ পানিতে জন্ম নেয় ময়লা দুর্গন্ধ ও রং বেরংয়ের কষ্টদায়ক কীট-পতঙ্গ, নাপাক প্রাণী। অপর দিকে প্রবাহমান পানিতে কোন দুর্গন্ধ থকে না। আটকে থাকে না কোন মৃত প্রাণী। তেমনিভাবে হাত পা গুটিয়ে জড় পদার্থের ন্যায় নীরব থেকে সমাজেও নেতৃত্বের শীর্ষ চূড়া স্পর্শ করা সম্ভব হবে না। কেননা আন্দোলন, পরিশ্রম, ত্যাগ ও কুরবানীর পথ অতিক্রম ব্যতীত তা অর্জন করা সম্ভব নয়।

কেননা খুলাফায়ে রাশেদীন ও ইসলামী রাষ্ট্রের সুমহান দায়িত্ব পালন ও অবিস্মরণীয় ত্যাগ ও কুরবানীর নজরানা পেশ করা ব্যতীত সম্মুখে আসতে পারেননি। তাইতো আবু বকর (রা.)কে নির্বাচিত করার সময় কোন নির্বাচনের প্রয়োজন পড়েনি; বরং জাতি নিজেরাই তাঁর নেতৃত্বের উপর একমত হয়ে যায়। বরং যখনই রাসূল (সা.)-এর পরমাত্মা জান্নাতে সর্বোত্তম বন্ধুর সাথে মিলে গেছে তখনই সকলের সন্ধানী দৃষ্টি ময়দানে বিচরণ করতে থাকে এবং মাঠে আবু বকর (রা.)-এর চেয়ে উত্তম আর কাউকে তাদের দৃষ্টি সন্ধান করে পায়নি। তারপরও এ বাস্তব সত্যকে কিভাবে অস্বীকার করা যায়?

যে জাতি জিহাদ করে তাদেরকে চড়া মূল্য পরিশোধ করতে হয় এবং চড়া মূল্যের বিনিময়েই তারা হাতিয়ে নেয় সুমিষ্ট পাকা ফল। যা তাদের থেকে

ছিনিয়ে নেয়া অত সহজ নয়। কেননা এ ফল লাভের আশায় কত রক্ত আর কত ঘাম ঝরাতে হয় তার কোন হিসাব থাকে না। তার মোকাবেলায় সেই সামরিক বিপ্লব যা কিনা শুধুমাত্র দূতাবাসের যোগসাজসেই হয়ে থাকে এবং মানুষের মধ্যে এর প্রভাব বিস্তারের জন্যে জাতীয় প্রচার মাধ্যমে বক্তৃতা বিবৃতির সাহায্য নিতে হয়, এর ভিত্তি তত মজবুত হয় না এবং এ শক্তি খর্ব করাও অতীব সহজতর।-

যখন যুদ্ধবিহীন কোন ভূ-খণ্ড দখল হয়,

তখন প্রয়োজনে সেই ভূ-খণ্ড ছেড়ে দেয়াও সহজ হয়।

তার হুবহু বিপরীত জিহাদের এ সুদীর্ঘ কণ্টকাকীর্ণ পথ অতিক্রমকারী অকুতোভয় বীরদের নেতৃত্ব। জান্নাতের পথে সফরকারী জিহাদী জাতিকে পথ থেকে দূরে হটিয়ে দেয়া এবং নিজ নেতৃত্বের বিরুদ্ধে বিদ্রোহী বানিয়ে দেয়া অথবা ইসলামী সালতানাতের সিংহাসনকে উল্টিয়ে দেয়ার ষড়যন্ত্র করা অত সহজ নয়। তেমনিভাবে জিহাদের এ মহান কাজ আঞ্জাম দেয়া এবং সুশৃঙ্খল কাফেলার সদস্যদের মন-মগজে সন্দেহের বীজ বপন করাও অত সহজ নয়। তাছাড়া এ কষ্ট ও দুঃখ যাতনার জিহাদী আন্দোলন উম্মতে মুসলিমাকে ঐ চেতনায় উজ্জীবিত করে যে, তারা সকলেই একতাবদ্ধ; তাদের মাঝে কোন ভেদাভেদ নেই, তাদের সকলের সম্মিলিত পরিশ্রমেই অর্জিত হয়েছে এ কাঙ্ক্ষিত সফলতা।

আফগানিস্তানে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার পেছনে ব্যয় করা সকল ত্যাগ ও কুরবানীতে সকলেই সমানভাবে শরীক রয়েছে। সুতরাং এ অনুভূতির সুফল হিসেবে তারা নবপ্রতিষ্ঠিত সকল সমাজ তথা রাষ্ট্রের রক্ষক। উম্মতে মুসলিমার সম্মিলিত প্রচেষ্টা ব্যয় করার পরই জন্ম লাভ করেছে এ ইসলামিক সমাজ তথা রাষ্ট্র ব্যবস্থা। এটি প্রতিষ্ঠা করতে গিয়ে প্রবাহিত করতে হয়েছে রক্তের সমুদ্র, এর সাথে সাথে পোহাতে হয় দুঃখ যাতনার ঝড়-তুফান। আর জিহাদের এ অক্লান্ত পরিশ্রম উম্মতে মুসলিমার পাক বদন থেকে অলসতা ও অবহেলার ভাবকে স্রোতের ন্যায় ভাসিয়ে নিয়ে যায়।

সপ্তম কারণ : পৃথিবীর অসহায় মজলুম মুসলমানদের পাশে দাঁড়ানো

হ্যাঁ ভাই!

ইসলামী জিহাদের সুমহান লক্ষ্যগুলোর মধ্য হতে মজলুম দুর্বল নির্যাতিত নিপীড়িত ও অসহায় মানুষের ওপর তা বন্ধ করে তাদের অবিচারের মূলোৎপাটন

করে আল্লাহর আইন দ্বারা ন্যায়বিচার প্রতিষ্ঠা করা। আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা বলেন–

وَمَا لَكُمْ لا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَاجْعَل لَنَا مِنْ لَدُنْكَ وَلِيًّا وَاجْعَل لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا.

আর তোমাদের কি হল যে, তোমরা আল্লাহর রাহে লড়াই করছ না দুর্বল সেই পুরুষ, নারী ও শিশুদের পক্ষে, যারা বলে, হে আমাদের পালনকর্তা! আমাদেরকে এই জনপদ থেকে নিষ্কৃতি দান কর; এখানকার অধিবাসীরা যে অত্যাচারী! আর তোমার পক্ষ থেকে আমাদের জন্য পক্ষালম্বনকারী নির্ধারণ করে দাও এবং তোমার পক্ষ থেকে আমাদের জন্য সাহায্যকারী নির্ধারণ করে দাও। *[সূরা নিসা : ৭৫]*

মুসলমান নারীদের খুবলে খাচ্ছে,
কালো পিশাচের দল
এরপরেও শান্ত কেন, হে মুজাহিদের দল?
কোথায় হারালো তোমাদের সেই শক্ত বাহুবল।

এ আয়াতে মহান আল্লাহ মুসলিম উম্মাহর প্রতি হুশিয়ারী উচ্চারণ করে বলেন যে, তোমাদের কি হয়েছে যে তোমরা আল্লাহর রাহে লড়াই করছ না এবং অসহায় আবাল-বৃদ্ধ-বণিতার জন্যে লড়াই করতে বের হচ্ছো না অথচ তারা তোমাদের চিৎকার করে ডাকছে যেন তোমরা আল্লাহর প্রতিনিধি হয়ে নির্যাতিত জাতির সাহায্যকারী হিসাবে তাদের সাহায্য কর এবং তাদেরকে অত্যাচারী জনপদ থেকে উদ্ধার কর।

এ কথার উপর সকল ফোকাহায়ে কেরামগণের ঐকমত্য যে, যদি কোথাও কোন মুসলিম নারী শত্রুর হাতে বন্দি হয় অথবা শত্রুর হাতে নির্যাতনের শিকার হয় তাহলে তাকে মুক্ত করতে জিহাদ ফরজে আইন হয়ে যায়। আল বাযাযিয়ায় বর্ণিত আছে, যদি কোন মুসলমান নারী পৃথিবীর পশ্চিম দিগন্তে নির্যাতিত হতে থাকে তখন সেই নারীকে নির্যাতনের হাত থেকে রক্ষা করা পৃথিবীর পূর্বদিগন্তের মুসলমানদের ওপরও ওয়াজিব হয়ে যায়।

যদি নাহি থাকে ধর্মীয় চেতনা হৃদয় মাঝে
তবে এসো সম্মানের জন্যে জিহাদের মাঝে,
বলছি তোমায় হে মুসলমান! বন্দি নারীর দোহাই দিয়ে

এসো তুমি তাদেরই আত্মসম্ভ্রমের দিকে তাকিয়ে।
যদি নাহি কর প্রতিদানের কামনা
তবে আর ঘরে বসে থেকো না।
তথাপি গনিমতের জন্যে হলেও হও রওয়ানা।

একদিন আমি আফগানিস্তানের লোগার এলাকাতে গুলবুদ্দিন হেকমতিয়ারের সাথে ছিলাম। আমরা শত্রু ছাউনিতে আক্রমণ করে ফিরছিলাম। এমতাবস্থায় এক মানবহীন বিরান বস্তি থেকে কতিপয় শিশু শ্লোগান দিয়ে আমাদের স্বাগত জানায় এবং নারীরা হেকমতিয়ারকে আশীর্বাদ দেয়ার জন্যে ঘর থেকে বেরিয়ে আসে।

ভূলুণ্ঠিত হয় যখন মুসলমান নারীর সম্মান
কিভাবে আরামে ঘুমিয়ে কাটাও, হে বিশ্বের মুসলমান!
দলে দলে এসো জিহাদের রাহে, পূর্ণ কর ময়দান
এটাই আল্লাহর হুকুম বটে
তার কাছেই আছে এর প্রতিদান।

অত্যাচার, নির্যাতন ও নিপীড়নের এ পৃথিবীতে আজ সে ইসলাম কোথায়? যার আগমন হয়েছিল এ ধরণিতে ইনসাফ প্রতিষ্ঠা করতে! মহান রাব্বুল আলামীন বলেন—

لَقَدْ أَرْسَلْنَا رُسُلَنَا بِالْبَيِّنَاتِ وَأَنْزَلْنَا مَعَهُمُ الْكِتَابَ وَالْمِيزَانَ لِيَقُومَ النَّاسُ بِالْقِسْطِ

